B.A./3rd Sem (H)/BENG/22(CBCS)

# 2022

## 3rd Semester Examination

## BENGALI (Honours)

### Paper : C 6-T

### [ ছন্দ, অলঙ্কার ও নির্বাচিত কবিতা পাঠ ]

[CBCS]

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

### বিভাগ - ক

যেকোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। ছেদ ও যতি কী?

২। পঙ্‌ক্তি ও চরণের মধ্যে পার্থক্য কী লেখো।

৩। মাত্রা কাকে বলে? 'বিশ্ববিদ্যালয়' শব্দটি বাংলা তিন রীতির ছন্দে কত করে মাত্রা পাবে দেখাও।

৪। অমিত্রাক্ষর ছন্দের প্রধান দুটি বৈশিষ্ট্য লেখো।

৫। বাংলা কোন্ রীতির ছন্দকে লৌকিক ছন্দ বলা হয় এবং কেন বলা হয় লেখো।



V-3/86 - 5600

৬। স্মরণোপমা অলঙ্কার কাকে বলে?

৭। বিরোধাভাস অলঙ্কারের সংজ্ঞা দাও।

৮। লাটানুপ্রাস ও যমক অলঙ্কারের পার্থক্য লেখো।

৯। সর্বানুপ্রাস অলঙ্কারের উদাহরণ দাও।

১০। শব্দের অর্থের উপর নির্ভর করলেও যমক ও শ্লেষ অলঙ্কারকে শব্দালংকার বলার কারণ কী?

১১। 'আমরা' কবিতায় কোন্ কবির নাম রয়েছে? তাঁর রচিত শ্রেষ্ঠ কাব্যগ্রন্থ কোন্‌টি?

১২। 'অবনী বাড়ি আছো?' কবিতাটি কোন্ কাব্যের অন্তর্ভুক্ত? এই কবিতায় কোন্ বিদেশী কবিতার প্রভাব লক্ষ্য করা যায়?

১৩। 'ফ্রাইবুর্গের পথে' কবিতাটির কাব্যগ্রন্থের নাম কী? এই কবিতায় কোন্ ফুলের নাম উল্লেখ করা হয়েছে?

১৪। 'এইখানে বসে ঈশা মুসা পেল সত্যের পরিচয়।' — 'ঈশা মুসা'র পরিচয় দাও।

১৫। 'নবঘনশ্যাম শোভার তারিফ সে বংশে কেবা করে?' — কার রচিত, কোন্ কবিতার অংশ? 'নবঘনশ্যাম' কথার অর্থ কী?

## বিভাগ - খ

যেকোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

১৬। ছন্দ নির্ণয় করো :

সোনার জলে দাগ পড়ে না খোলে না কেউ পাতা
অস্বাদিত মধু যেন যূথী অনাঘ্রাতা।

১৭। ছন্দ নির্ণয় করো :

নিঃশ্বসিয়া কেঁদে ওঠে বন। বাহিরিনু হেথা হতে
উন্মুক্ত অম্বরতলে, ধূসরপ্রসর রাজপথে
জনতার মাঝখানে।

১৮। অলঙ্কার নির্ণয় করো :

মুদিত আলোর কমল কলিকাটিরে
রেখেছে সন্ধ্যা আঁধার পত্রপুটে।

১৯। অলঙ্কার নির্ণয় করো :

ঘুম ঘুম নিশ্চিন্ত
নাকের ডগার মশাটা মশাই আস্তে উড়িয়ে দিন তো।

২০। 'গাহি সাম্যের গান' — সাম্যের গান কী? কবি কীভাবে সেই গান গেয়েছেন লেখো।

২১। 'খাদ্যে খাদকে বাদ্যে বাদকে প্রকৃতির ঐশ্বর্য,
ষড় ঋতু ছলে ষড় রিপু খেলে কাম হতে মাৎসর্য।' — কার রচিত, কোন্ কবিতার অংশ? উদ্ধৃত অংশের তাৎপর্য লেখো।

## বিভাগ - গ

যেকোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

২২। স্বরবৃত্ত ছন্দ কাকে বলে? উদাহরণসহ এই ছন্দোরীতির বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

২৩। সংজ্ঞা ও দৃষ্টান্ত সহ শ্লেষ ও উৎপ্রেক্ষা অলঙ্কারের পরিচয় দাও।

২৪। 'শাশ্বতী' বাংলা প্রেমের কাব্যধারায় এক অনন্য রচনা — আলোচনা করো।

P.T.O.

২৫। 'আরো এক বিপন্ন বিস্ময়
আমাদের অন্তর্গত রক্তের ভিতরে খেলা করে,
আমাদের ক্লান্ত ক্লান্ত করে' — জীবনানন্দ দাশের 'আট বছর আগের একদিন' কবিতার অনুসরণে 'বিপন্ন বিস্ময়' কথাটির তাৎপর্য ব্যাখ্যা করো। এই কবিতায় কবির জীবনভাবানার স্বরূপ বিশ্লেষণ করো।

---